

২

রাজশাহী সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের যাতায়াত সমস্যা

রাজশাহী সংবাদদাতা ॥ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের বিভিন্ন সমস্যা রহিয়াছে। তন্মধ্যে বিদ্যালয়ের ছাত্রীদের জন্য যানবাহন সমস্যা প্রকট হইয়া উঠিয়াছে। প্রধান শিক্ষিকা বলিয়াছেন যে, ছাত্রীদের যাতায়াতের ব্যবস্থা করা স্কুল কর্তৃপক্ষের বাধ্যবাধকতা না থাকিলেও দায়িত্বটি স্কুল কর্তৃপক্ষের উপর বর্তাইয়াছে। বিদ্যালয়ে প্রতিদিন প্রাতঃ শাখায় ৩টি বাস এবং দিবা শাখায় ২টি বাস মোট ৫টি বাসে ১০টি টিপে ছাত্রীদের আনা-নেওয়া করিতে হইতেছে। ইহাতে প্রতিদিন দেড় হাজার টাকা ব্যয় হইতেছে। টাকার প্রশ্ন বড় নহে একত্রে ৩ বা ৫টি বাস নিয়ন্ত্রণ করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। তিনি আশংকা প্রকাশ করিয়াছেন যে, ভবিষ্যতে হয়তো অভিভাবকদের বিদ্যালয় কর্তৃপক্ষের উপর নির্ভর না করিয়া নিজস্ব ব্যবস্থাদীনে ছাত্রীদের স্কুলে আনা নেওয়া করিতে হইবে। আগামী বৎসর নতুন ছাত্রী যাহারা বিদ্যালয়ে ভর্তি হইবে তাহাদের যাতায়াত ব্যবস্থা স্কুল কর্তৃপক্ষ করিতে পারিবে না।

বিদ্যালয়ের ১২টি শিক্ষকের পদ শূন্য। তাহা ছাড়া শিক্ষকদের বাসস্থানের কোন ব্যবস্থা নাই। বাসস্থান নির্মাণের জন্য ১০ শতাংশ জমিও রহিয়াছে, কিন্তু বৃষ্টিপাতের ফলে মাটি ক্ষয় হইয়া ৮ শতাংশে নামিয়া আসিয়াছে। প্রতিরক্ষা দেওয়ার নির্মাণ করিলেই এই জমি রক্ষা করা যাইবে।

বিদ্যালয়ের নিজস্ব কোন মিলনায়তন নাই। মাঠের অসুবিধায় ছাত্রীরা খেলাধলা করিতে পারে না। তাহাছাড়া একটি পূর্ণাঙ্গ পরীক্ষা কেন্দ্র হইলেও এই বিদ্যালয়ে কোন বিজ্ঞান গবেষণাগার নাই।